



১৩
১৩/০৫/২০২২

১৩/০৫/২০২২

অতীব জরুরি
নির্বাচন অধ্বাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
ঢাকা

নং-১৭.০২.২৬০০.০০০.৩২.০৮৯.২২- ৭৬০

তারিখঃ ২৫/০৫/২০২২

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ উপলক্ষে ভোটার নিবন্ধনের জন্য প্রয়োজনীয় দলিলাদি/কাগজপত্র সংরক্ষণের বিষয়ে নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়ের নির্দেশনার প্রেক্ষিতে ১ম পর্যায় ঢাকা জেলার ৪টি উপজেলা নির্বাচন অফিসের আওতায় (যথাঃ নবাবগঞ্জ, কেরানীগঞ্জ, দোহার ও সাভার) এবং ঢাকা মহানগরীর দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩টি থানা নির্বাচন অফিসের আওতায় (যথাঃ কোতয়ালী, সূত্রাপুর ও ডেমরা) ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে ঢাকার প্রতিটি থানা/উপজেলায় এ কার্যক্রম শুরু হবে। এ প্রেক্ষিতে ২০০৭ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের তথ্য সংগ্রহ করা হচ্ছে। তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারগণ গত ২০ মে ২০২২ তারিখ হতে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করছেন এবং ১০ জুন ২০২২ হতে রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আপনার আওতাধীন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি শ্রেণিকক্ষের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সচেনতার উদ্দেশ্যে (ভোটার নিবন্ধনের উদ্দেশ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার বাসায় বাসায় উপস্থিত হলে যেসকল কাগজপত্রাদি প্রয়োজন) ভোটার নিবন্ধনের জন্য নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় দলিলাদি/কাগজপত্র সংক্রান্ত নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় দলিলাদির তালিকাঃ

- অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি;
- পি,এস,সি/জে,এস,সি/এস,এস,সি অথবা সমমান সনদের সত্যায়িত কপি;
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের কপি;
- স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- বাড়ির বিদ্যুৎ বিলের/ যেকোন ইউটিলিটি বিলের কপি;
- কর প্রদানের রশিদ;
- রক্তের গ্রুপের রিপোর্টের কপি (যদি থাকে);
- আবেদন ফরম-২ (৩৪) নং ক্রমিক শনাক্তকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ;
- যাচাইকারী হিসেবে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর এনআইডি নম্বর, সিলসহ স্বাক্ষর প্রদান করতে হবে;
- প্রবাসী হলে বৈধ পাসপোর্ট কপি, সর্বশেষ ভ্রমণের এয়ারাইভাল সিল ও টিকেটসহ কপি।

১। জেলা শিক্ষা অফিসার
ঢাকা

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঢাকা

নং-১৭.০২.২৬০০.০০০.৩২.০৮৯.২২-

তারিখঃ ২৫/০৫/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫। জেলা প্রশাসক, ঢাকা
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার..... (সংশ্লিষ্ট), ঢাকা
- ৮। থানা/উপজেলা নির্বাচন অফিসার.....ও রেজিস্ট্রেশন অফিসার (সংশ্লিষ্ট), ঢাকা

মোঃ মুনীর হোসেন
সিনিয়র জেলা নির্বাচন অফিসার
ঢাকা।

সিনিয়র জেলা নির্বাচন অফিসার
ঢাকা।